

বেশ ভূগিয়েছে - “স্বপ্ন নগরী নিউইয়র্ক”

অনেক দিন বড় আকারের লেখা না পড়তে পড়তে একটা অসংযম বোধ বেশ সক্রিয় হয়েছিল। সদালাপ'র সৌজন্যে এবং মোল্লা সাহেবের নির্মদ বাক্য বিন্যাসের ইন্দ্রজালিক প্রভাব বিস্তারের দক্ষতায়, প্রতিটি পর্ব প্রকাশের সাথে সাথে পড়ার অনিরুদ্ধ মোহে রাত ১টায়ও ছুটে গেয়েছি ক্যাফেতে কখনো কখনো।

মোহ ছিল দু'টা ঃ বিনা খরচায় নিউইয়র্ক কে জানা- সাধারণ ও উপরি এবং যে অনুমানটা শিকড় গজাচ্ছিল তার পরিচর্যার মায়ায়। মায়্যা বড় ভোগায়। সদালাপ'র অনেক পাঠকই ভুগেছেন। শেষ পর্ব প্রকাশের বিলম্বে। উপলব্ধি হয়েছে; উপরন্তু, সম্পাদক সাহেবকেও মেইল করতে ছাড়িনি, যদিও তার উত্তর পেতে কয়েক দিন অপেক্ষা করতে হয়েছে। কিছু মনে করিনি।

“লতা ভবীর” স্লিঙ্ক বিভায় মুক্ততা থাকলেও, আনিসের সৌভাগ্যে কোন ঈর্ষা বোধ হয়নি। সময় বড় সংক্ষীণ ছিল মনে হলো শেষ পর্বে, অবশ্য এটা যেন ত্রয়ী। শেষ হয়েও শেষ যেন হয়নির একটা বোধ জেগে থাকলো- ভালো লাগার; বাহার চলে এসে তো কি হলো আনিসের আবর্তন লতা গ্রহে; আনিস-লতা'র ভিন্নরূপের রূপকার এমন অজস্র সৃষ্টি-কর্ম-ক্ষম শারিরীক, মানসিক, স্বস্তি, সুখ, শান্তি কামনা করি-জনাব মোল্লা বাহউদ্দিনের এবং অনেক ধন্যবাদ প্রিয় সম্পাদক কে।

নিত্য শুভার্থী

তাহের ম. শায়েখ

জেদ্দা, মে ২৪, ২০০৫

অভীক